# প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

**আই/১-গ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬**

তারিখঃ ১১/০৯/২০২৫

# ড্রাইভার নিয়োগ বিজ্ঞপ্তি

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রে ড্রাইভার (গাড়ীচালক) পদ পূরনের লক্ষ্যে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে জরুরী ভিত্তিতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম ঃ ড্রাইভার (গাড়ীচালক)।

শিক্ষাগত যোগ্যতা ঃ ন্যুনতম অস্টম শ্রেণী পাস।

বেতন/ভাতা ঃ চুক্তিভিত্তিক সময়ে মাসিক বেতন সর্বসাকূল্যে ২০,০০০/- (বিশ হাজার) টাকা। সংস্থার নীতিমালা অনুযায়ী ওভার টাইম ও বন্ধের দিন ডিউটি করলে প্রাপ্য ভাতা প্রদান করা হবে।

অন্যান্য সুবিধা ঃ সংস্থার নীতিমালা অনুযায়ী চাকুরি স্থায়ী হবার পর প্রত্যেক স্থায়ী কর্মী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি ও চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন। প্রত্যেক স্থায়ী কর্মীকে প্রতি বছর তাদের প্রধান দুইটি ধর্মীয় উৎসবে ২(দুই)টি উৎসব ভাতা দেয়া হবে। এছাড়াও পহেলা বৈশাখে একটি বৈশাখী উৎসব ভাতা প্রদান করা হবে যা একটি ধর্মীয় উৎসব ভাতার ৫০%।

প্রার্থীর বয়স ঃ আবেদনকারীর বয়স ৩০/০৯/২০২৫ তারিখে অনুর্ধ্ব ৩৫ বছর।

যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ আগ্রহী প্রার্থীগণকে সাবলীলভাবে বাংলা পড়তে ও লিখতে এবং ইংরেজী শব্দ ও সংখ্যা পড়ার জ্ঞান সম্পন্ন হতে হবে। সাংকেতিক চিহ্ন বুঝা, প্রতিবেদন ও সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ এবং লগ বই পূরণে সক্ষমতা থাকতে হবে।

প্রার্থীর বিআরটিএ কর্তৃক অবশ্যই বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। প্রার্থীকে সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। প্রার্থীর সুন্দর শারীরিক গঠন ও সুঠাম স্বাস্থ্য থাকতে হবে।

যানবাহন চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত/বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠান/স্বনামধন্য ব্যক্তির গাড়ী চালনায় ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে যা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখের পর হতে গণ্য করা হবে। বিগত ০২(দুই) বছরে বড় ধরনের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

প্রশিকা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ড্রাইভিং টেস্ট ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রশিকা কর্তৃপক্ষ অনুমোদিত ডাক্তার কর্তৃক নিজ দায়িত্বে চক্ষু পরীক্ষাসহ স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। উল্লেখ্য যে, রাষ্ট্র বিরোধী কোনো কার্যকলাপে জড়িত থাকা বা এধরনের কোনো মামলা রয়েছে এমন ব্যক্তির আবেদন করার প্রয়োজন নেই।

কর্মস্থল ঃ প্রশিকা কেন্দ্রীয় কার্যালয়, ঢাকা।

**আবেদন করার নিয়মাবলিঃ**

**A4 সাইজের সাদা কাগজে** আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে: (১) একটি পূর্ণ জীবন বৃত্তান্ত (প্রার্থীর নাম, অবিবাহিত প্রার্থীদের ক্ষেত্রে পিতা ও মাতার নাম, বিবাহিত প্রার্থীদের ক্ষেত্রে পিতা, মাতা, স্বামী/স্ত্রীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নিজ বিভাগের নাম, এনআইডি/জন্মনিবন্ধন নম্বর, মোবাইল নম্বর এবং শিক্ষাগত যোগ্যতা অবশ্যই উল্লেখ করতে হবে)। (২) সাম্প্রতিককালের তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**আবেদন ফিঃ** আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ৫০০/-(পাঁচশত) টাকা যে কোনো তফসিলি ব্যাংক হতে **"প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র" অথবা "Proshika Manobik Unnayan Kendra"** হিসাবের নামে নিম্নের ছকে উল্লেখিত ব্যাংকের শাখার হিসাব নম্বরে জমা দিতে হবে।

| Name of Bank | Branch Name | Account Name (হিসাবের নাম) | Account Type and No. | |
|---|---|---|---|---|
| Pubali Bank Ltd. | Darus Salam Road Branch, Dhaka | Proshika Manobik Unnayan Kendra | SND | 2990102000580 |

**টাকা জমাদান স্লীপের কাস্টমার কপি A4 সাইজের সাদা কাগজে একটি ফটোকপি আবেদনপত্রের সাথে যুক্ত করে দিতে হবে, অন্যথায় আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।** টাকা জমাদানের কাস্টমারের মূল কপিটি প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ পর্যন্ত যত্নসহকারে সংরক্ষণ করতে হবে। **কোনো অবস্থাতেই খামের ভিতর 'আবেদন ফি' বাবদ নগদ অর্থ প্রেরণ গ্রহণযোগ্য হবে না।**

**আবেদন পাঠানোর শেষ তারিখঃ** আবেদনপত্র **৩০/০৯/২০২৫** তারিখের মধ্যে পাঠাতে হবে।

**আবেদন পাঠানোর ঠিকানাঃ**

পরিচালক, মানবসম্পদ বিভাগ, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রশিকা ভবন, আই/১-গ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। **খামের উপর স্পষ্টভাবে পদের নাম উল্লেখ করতে হবে।**

**চূড়ান্ত নিয়োগ প্রক্রিয়াঃ**

আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাইয়ের পর তালিকা তৈরি করে প্রার্থীদের প্রাকটিক্যাল পরীক্ষা গ্রহণ করা হবে। প্রত্যেক প্রার্থীকে নিয়োগ পরীক্ষার তারিখ ও স্থান জানিয়ে প্রার্থীদের জীবনবৃত্তান্তে উল্লেখিত মোবাইল নম্বরে SMS অথবা সরাসরি ফোন কলের মাধ্যমে জানানো হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগের জন্য একটি প্যানেল তৈরি করা হবে। প্যানেল থেকে পর্যায়ক্রমে (মেধানুসারে) প্রার্থীদের নিয়োগ দেয়া হবে। সংস্থায় কর্মকালীন যে কোনো প্রকার আর্থিক অনিয়ম থেকে বিরত থাকার জন্য প্রশিকা থেকে সরবরাহকৃত নমুনা ফরমেট অনুযায়ী ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে জামিননামা প্রস্তুত করে জমা দিতে হবে। নিয়োগ সংক্রান্ত যেকোনো পরিবর্তিত সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং আবেদনপত্র বাতিল করা হবে। প্রশিকার http://www.proshikabd.com ওয়েবসাইটে সংস্থা সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন।

**ধুমপায়ী ও মাদকাসক্তদের আবেদন করার প্রয়োজন নাই।**

সূত্রনং: এইচআরডি/২০২৫/৭৩৫